

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 (ক্রীড়া-২ অধিশাখা)
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৮০.২৫.০০২.০৬.১৩৬

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
 ২০ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,
 সচিবালয় (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ১৭ মে, ২০১৭ খ্রিঃ তারিখের পত্র নং-৩৪.০৪.০২০০.০০৪.০০.৩৮৯.১৬-২৫৯ এর প্রেক্ষিতে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ও গণ চীনের Shenyang Sport University এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর এর নিমিত্ত সরেজমিনে Shenyang Sport University পরিদর্শনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত ৭(সাত) জন কর্মকর্তাকে ০২/০৭/২০১৭ তারিখ হতে ০৮/০৭/২০১৭ তারিখ পর্যন্ত (অথবা নিকটবর্তী সময়ে) চীন সফরের অনুমতি বর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী |
|---------|---|
| ০১। | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সামছুর রহমান, মহাপরিচালক। |
| ০২। | জনাব ডাঃ মোঃ আমিনুল ইসলাম, (যুগ্মসচিব) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর। |
| ০৩। | জনাব মোঃ আজিজুল হক, যুগ্ম সচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| ০৪। | জনাব মোঃ মোশারফ হোসেন মোল্লা, পরিচালক(প্রশিক্ষণ), বিকেএসপি। |
| ০৫। | বেগম শামীমা সুলতানা, সহকারী অধ্যাপক(পদার্থ বিদ্যা), বিকেএসপি। |
| ০৬। | বেগম নুসরাৎ শারমিন, উপ-পরিচালক(ক্রীড়া বিজ্ঞান, অঃ দাঃ)বিকেএসপি। |
| ০৭। | জনাব উজ্জল চক্রবর্তী, চীফ কোচ (ফুটবল), বিকেএসপি। |

শর্তাদিঃ-

- (ক) চীন সফরের প্রস্তাবিত ৬ জনের ১৩,৯২,০০০/- (তের লক্ষ বিরানববই হাজার) টাকার সম্ভাব্য ব্যয় বিকেএসপি'র রাজস্ব খাতের সংশ্লিষ্ট কোড হতে বহন করা হবে; ৩ নং ক্রমিকের জনাব মোঃ আজিজুল হক, যুগ্মসচিব (যুব) এর সম্পূর্ণ ব্যয় মন্ত্রণালয়ের ভ্রমণ বাজেট থেকে বহন করা হবে।
- (খ) সফরকারীরা সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত সর্বশেষ পরিপত্র অনুযায়ী প্রাপ্য হবেন;
- (গ) নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় চীনে অবস্থান করা যাবে না;
- (ঘ) বিদেশ সফর শেষে প্রত্যাবর্তনের ১৫ দিনের মধ্যে সফর সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/-
 (মোরশেদা আখতার)
 সহকারী সচিব
 ফোন: ৯৫৪৬৫৬১।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৮০.২৫.০০২.০৬.১৩৬

তারিখঃ- ২০ জুন, ২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (নোট ভারবাল ইস্যুর প্রয়োজনীয় নির্দেশনাদানের অনুরোধসহ)।
০২. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, বেইজিং, গণপ্রজাতন্ত্রী, চীন।
০৩. মান্যবর রাষ্ট্রদূত, গণপ্রজাতন্ত্রী চীন দূতাবাস, ঢাকা, বাংলাদেশ।
০৪. মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্টস, ঢাকা।
০৫. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৭. বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২০/৬/২০১৭
 (মোরশেদা আখতার)
 সহকারী সচিব।